# সিটিজেন চার্টার

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্বাচিত গ্রামে ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক কর্তৃক পরিবার জরিপ সম্পন্নকরণপূর্বক ক শ্রেণি (**দরিদ্রতম-বার্ষিক গড় আয় ৫০,০০০ টাকা পর্যন্ত**)ও খ শ্রেণিভুক্ত (**দরিদ্র-বার্ষিক গড় আয় ৫০,০০১ টাকা থেকে ৬০,০০০ টাকা পর্যন্ত**) পরিবারের সদস্যদেরকে নিয়ে কর্মদল গঠন ও প্রশিক্ষণ প্রদানের পর প্রত্যেক দলীয় সদস্যকে ২০ টি সামাজিক কার্যক্রম অবহিতপূর্বক অভ্যস্ত করানো হয়। অতঃপর গ্রাম কমিটি বা কর্মদল হতে প্রস্তাবিত ঋণ প্রার্থীদের আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক আবেদনপত্রসহ খসড়া তালিকা সংশ্লিষ্ট সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক দাখিল করেন এবং আদায়কৃত সঞ্চয় প্রকল্প গ্রাম বা কর্মদলের ব্যাংক হিসাবে জমা করেন। প্রস্ত্ততকৃত খসড়া তালিকা, আবেদনপত্র, স্কিম ফিল্ডসুপারভাইজার কর্তৃক পরীক্ষান্তে সুপারিশসহ উপজেলা সমাজসেবা অফিসারের নিকট দাখিল করেন। অতঃপর উপজেলা সমাজসেবা অফিসার ইউপিআইসির সভার আয়োজন করে ঋণ অনুমোদন করেন। অবশেষে নির্বাচিত ঋণগ্রহীতাদের মাঝে ঋণের চেক/নগদ টাকা বিতরণের স্থান, তারিখ নির্ধারণ করে | নির্ধারিত ফরমে আবেদন, পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদ/জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র। প্রাপ্তি স্থানঃ সংশ্লিষ্ট অফিস | বিনামূল্যে | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর ইউপিআইসি সভায় অনুমোদনের ১৫ দিনের মধ্যে ঋণ বিতরণ করতে হবে। (সম্ভাব্য সময় ৩-৫ মাস) | নাম: **অতীশ সরদার**পদবি:উপজেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | তাদের অবহিতপূর্বক ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। | | | | |
| ২ | পল্লী মাতৃকেন্দ্র (আর এমসি) | ক শ্রেণি (**দরিদ্রতম-বার্ষিক গড় আয় ৫০,০০০ টাকা পর্যন্ত**) ও খ শ্রেণিভুক্ত(**দরিদ্র-বার্ষিক গড় আয় ৫০,০০১ টাকা থেকে ৬০,০০০ টাকা পর্যন্ত**)নারীদের সমন্বয়ে ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক কর্তৃক মাতৃকেন্দ্র গঠন ও প্রশিক্ষণ প্রদানের পর প্রত্যেক সদস্যকে ২০টি সামাজিক কার্যক্রম অবহিত ও তাতে অভ্যস্ত করানো হয়। অতঃপর ঋণ প্রার্থীদের আবেদন ও স্কীম যাচাই-বাছাইপূর্বক আবেদনপত্রসহ খসড়া তালিকা দাখিল ও সঞ্চয় আদায়পূর্বক ব্যাংক হিসাবে জমা করা হয়। ফিল্ডসুপারভাইজারের সুপারিশের প্রেক্ষিতে প্রাপ্ত আবেদনপত্রের খসড়া তালিকাপ্রস্তুত করা হয়। উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক ইউপিআইসির সভায় ঋণ ও স্কীম অনুমোদন করা হয়। অতঃপর নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে সুবিধাভোগীদের অবহিতকরণের মাধ্যমে ঋণের অর্থ নগদ | নির্ধারিত ফরমে আবেদন, পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদ/জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র। প্রাপ্তি স্থানঃ সংশ্লিষ্ট অফিস | বিনামূল্যে | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর ইউপিআইসি সভায় অনুমোদনের ১৫ দিনের মধ্যে ঋণ বিতরণ করতে হবে। (সম্ভাব্য সময় ৩-৫ মাস) | নাম: **অতীশ সরদার**পদবি:উপজেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বা চেকে আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হয়। | | | | |
| ৩ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ, ধরন ও মাত্রা নিরূপণ এবং পরিচয়পত্র প্রদান | উপজেলা অফিস কর্তৃক জরীপভুক্ত ও নির্ধারিত ডাক্তার/কনসালটেন্টের মাধ্যমে প্রতিবন্ধিতার ধরন ও মাত্রা শনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তিকে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করতে হয়। পরবর্তীতে যাচাই অন্তে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী কর্তৃক কাগজপত্রসহ নথি উপজেলা সমাজসেবা অফিসারের নিকট উপস্থাপন করে অনুমোদন গ্রহণ করতে হয়। প্রতিবন্ধী ব্যক্তির সংশ্লিষ্ট কাগজপত্রসহ নথি, সনদ ও পরিচয়পত্র উপপরিচালকের নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা সমাজসেবা অফিসে প্রেরণ করা হয়। জেলা অফিস হতে অনুমোদন পাওয়ার পর প্রতিবন্ধী ব্যক্তিকে উপজেলা সমাজসেবা কার্যালয় হতে পরিচয় পত্র সরবরাহ করা হয়। বর্তমানে সমগ্র প্রক্রিয়াটি একটি অনলাইন বেজড সফটওয়্যার (**www.dis.gov.bd**) এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) সিভিল সার্জন/ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত প্রতিবন্ধিতার প্রমাণপত্র; ৩) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত); ৪) ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ এবং নাগরিকত্ব সনদপত্র। | বিনামূল্যে | ৫-৭ দিন | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |
| ৪ | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম | ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরি প্রশিক্ষক কর্তৃক জরিপকৃত দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের (**যাদের মাথাপিছু বার্ষিক গড় আয় ১ (এক) লক্ষ টাকার ঊর্ধ্বে নয়**) অবহিতকরণের মাধ্যমে ঋণ প্রার্থীদের নিকট থেকে ৫ **থেকে** ৩০ হাজার টাকার ঋণের আবেদন ও স্কিম গ্রহণ করা হয়। প্রাপ্ত আবেদন ও স্কিম যাচাই-বাছাই করে ফিল্ডসুপারভাইজার সুপারিশসহ একটি খসড়া তালিকা প্রস্তুত করে উপজেলা সমাজসেবা অফিসারের | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) প্রতিবন্ধিতার প্রমাণপত্র/ চিকিৎসকের প্রত্যায়নপত্র ৩) পাসপোর্ট সাইজের ছবি; ৪) নাগরিকত্ব সনদ/ জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্র | বিনামূল্যে | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর পিআইসি সভায় অনুমোদনের ১৫ দিনের মধ্যে ঋণ বিতরণ করতে হবে। (সম্ভাব্য সময় ১-৩ মাস) | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নিকট দাখিল করেন। উপজেলা সমাজসেবা অফিসার ইউপিআইসির সভা আহ্বানপূর্বক সভায় ঋণ ও স্কীম অনুমোদন করেন।তারপর নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে সুবিধাভোগীদের অবহিতকরণের মাধ্যমে ঋণের অর্থ নগদ বা চেকে আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হয়।**এছাড়া দগ্ধ দরিদ্র ব্যক্তিকে এককালীন চিকিৎসা সহায়তা বাবদ সর্বোচ্চ ২০,০০০.০০ টাকা পর্যন্ত অনুদান প্রদানের ব্যবস্থা রয়েছে।** | | | | |
| ৫ | চিকিৎসা সমাজসেবা কার্যক্রম | সরকারি/বেসরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজ এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের বহিঃবিভাগ/অন্তঃবিভাগে বিনামূল্যে বেড়ে ভর্তিকৃত রোগী বা রোগীর অভিভাবক (সংশ্লিষ্ট ওয়ার্ডের সহকারী রেজিস্ট্রার/কনসালটেন্ট/আরএমও/ডাক্তার এর সুপারিশযুক্ত) সমাজসেবা অফিসার বরাবর নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হয়। সমাজসেবা অফিসার কর্তৃক যাচাই-বাছাইপূর্বক আবেদন মঞ্জুর হওয়া সাপেক্ষে আর্থিক/ ঔষধ-পথ্য/খাদ্য-বস্ত্র/পুনর্বাসন/রোগের পরীক্ষা নিরীক্ষা/আনুষঙ্গিক সেবা প্রদান করা হয়। | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) চিকিৎসকের প্রত্যায়নপত্র ৩) পাসপোর্ট সাইজের ছবি; ৪) নাগরিকত্ব সনদ/ জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্র | বিনামূল্যে | | নাম: **অতীশ সরদার** পদবি:উপজেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |
| ৬ | বয়স্ক ভাতা কার্যক্রম | বার্ষিক গড় আয় সর্বোচ্চ ১০,০০০/- এবং পুরুষের ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ৬৫ বছর ও মহিলার ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ৬২ বছর- এরূপ ব্যক্তিরা নির্ধারিত ফরমে উপজেলা সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) ইউপি চেয়ারম্যান/সদস্য কর্তৃক বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / মেম্বার কর্তৃক সত্যায়িত) ৩) ৭ কপি | ১০/- টাকা দিয়ে নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হয় | নতুন বরাদ্দ প্রাপ্তির ০৩ মাসের মধ্যে ভাতাভোগী নির্বাচন করা হয়। নিয়মিত ভাতাভোগীর হিসাবে ০৭ দিনের মধ্যে ভাতার অর্থ স্থানান্তর করা হয়। | নাম: **অতীশ সরদার** পদবি:উপজেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতাভোগীদের নামে উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক ভাতা বই ইস্যু করা হয়। অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপজেলা নিবাহী অফিসার এবং সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তরের মাধ্যমে ভাতা বিতরণ সম্পন্ন হয়। সুবিধাভোগীদের নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন। | পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; ৪) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; ৫) ইউ পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ এবং নাগরিকত্ব সনদপত্র। | | | |
| ৭ | বিধবা ও স্বামী নিগৃহীতা দুস্থ মহিলাদের ভাতা কার্যক্রম | ১৮ বছরের উর্ধ্বে বিধবা ও স্বামী নিগৃহীতা দুস্থ মহিলা যাদের বার্ষিক গড় আয় সর্বোচ্চ ১২,০০০/- তারা নির্ধারিত ফরমে উপজেলা সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতাভোগীদের নামে উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক ভাতা বই ইস্যু করা হয়। অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপজেলা | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) ইউপি চেয়ারম্যান /সদস্য কর্তৃক বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ মেম্বার কর্তৃক সত্যায়িত) ৩) ৭ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; ৪) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; ৫) ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন | ১০/- টাকা দিয়ে নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হয়। | নতুন বরাদ্দ প্রাপ্তির ০৩ মাসের মধ্যে ভাতাভোগী নির্বাচন করা হয়। নিয়মিত ভাতাভোগীর হিসাবে ০৭ দিনের মধ্যে ভাতার অর্থ স্থানান্তর করা হয়। | নাম: **অতীশ সরদার** পদবি:উপজেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নিবাহী অফিসার এবং সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তরের মাধ্যমে ভাতা বিতরণ সম্পন্ন হয়। সুবিধাভোগীদের নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন। | সনদ এবং নাগরিকত্ব সনদপত্র। | | | |
| ৮ | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম | জরিপকৃত, শনাক্তকৃত ও সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধিত প্রতিবন্ধী ব্যক্তি, যার বার্ষিক গড় আয় সর্বোচ্চ ৩৬,০০০/- এবং বয়স সর্বনিম্ন ০৬ বছর, তারা নির্ধারিত ফরমে উপজেলা সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতাভোগীদের নামে উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক ভাতা বই ইস্যু করা হয়। উপজেলা নিবাহী অফিসার এবং সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তরের মাধ্যমে ভাতা বিতরণ সম্পন্ন হয়। সুবিধাভোগীদের নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন। | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) ইউপি চেয়ারম্যান/ সদস্য কর্তৃক প্রত্যয়নপত্র ৩) পাস পোর্ট সাইজের সত্যায়িত ছবি; ৪) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (ইউপি চেয়ারম্যান কর্তৃক); ৫) প্রতিবন্ধিতার সনদ/ পরিচয়পত্রের সত্যায়িত কপি | ১০/- টাকা দিয়ে নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হয়। | নতুন বরাদ্দ প্রাপ্তির ০৩ মাসের মধ্যে ভাতাভোগী নির্বাচন করা হয়। নিয়মিত ভাতাভোগীর হিসাবে ০৭ দিনের মধ্যে ভাতার অর্থ স্থানান্তর করা হয়। | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |
| ৯ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | জরিপকৃত, শনাক্তকৃত ও সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধিত এবং সরকার কর্তৃক স্বীকৃতি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রতিবন্ধী শিক্ষার্থী যাদের | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) শিক্ষা প্রতিষ্ঠানের জরিপ ৩) ৬ কপি পাসপোর্ট | ১০/- টাকা দিয়ে নিজ নামে ব্যাংক | নতুন বরাদ্দ প্রাপ্তির ০৩ মাসের মধ্যে ভাতাভোগী নির্বাচন করা হয়। নিয়মিত | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পারিবারিক বার্ষিক গড় আয় সর্বোচ্চ ৩৬,০০০/- তারা নির্ধারিত ফরমে উপজেলা সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করতে হয়। নীতিমালা অনুসারে যাচাই-বাছাই করার পর প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তিভোগী নির্বাচন করা হয়। অতঃপর নির্বাচিত প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বা অভিভাবককে অবহিত করে বৈধ অভিভাবকের নামে উপবৃত্তির অর্থ উত্তোলনের ব্যাংক হিসাব খোলা হয়। উপবৃত্তির টাকা বিতরণের স্থান, তারিখ, সময় নির্ধারণ করে উপবৃত্তি প্রাপ্ত প্রতিবন্ধী শিক্ষার্থী তার পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে উপবৃত্তি বিতরণ করা হয়। | সাইজের সত্যায়িত ছবি; ৪) শিক্ষা বিষয়ক বার্ষিক প্রতিবেদন; ৫) প্রতিবন্ধিতার সনদ/ পরিচয়পত্রের সত্যায়িত কপি | হিসাব খুলতে হয়। | ভাতাভোগীর হিসাবে ০৭ দিনের মধ্যে ভাতার অর্থ স্থানান্তর করা হয়। | ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |
| ১০ | বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা সমাজসেবা অফিসার বিজ্ঞপ্তি প্রচার করেন। অতঃপর নির্ধারিত ফরমে আগ্রহী ব্যক্তিদের সমাজসেবা অফিসার বরাবর আবেদন করতে হয় । প্রাপ্ত আবেদন ইউনিয়ন কমিটি কর্তৃক সরেজমিনে যাচাই-বাছাই করে প্রস্তাব আকারে উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। অতঃপর উপজেলা কমিটি যাচাই-বাছাই করে বরাদ্দ অনুসারে উপকারভোগী নির্বাচন করে। নির্বাচিত ব্যক্তির নামে ব্যাংক হিসাব খোলা এবং কেন্দ্রীয় হিসাব হতে ভাতা বা উপবৃত্তির টাকা স্থানান্তর করে নির্বাচিত ব্যক্তিকে অবহিতকরণপূর্বক ভাতা বা উপবৃত্তি বিতরণ সম্পন্ন করা হয়। ১৮ বছর বয়সের উর্ধ্ব কর্মক্ষম ব্যক্তিদেরকে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় (উপজেলা | ১) নির্ধারিত ফরমে আবেদন; ২) পাসপোর্ট সাইজের ছবি; ৩) নাগরিকত্ব সনদ; ৪) জন্ম নিবন্ধন সনদের অনুলিপি; ৫) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | বিনামূল্যে | ১. নতুন বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আবেদনের ০৩ মাসের মধ্যে; ২. পুরাতন বা নিয়মিতদের ক্ষেত্রে ০৭ কর্মদিবস | নাম: **অতীশ সরদার** পদবি:উপজেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | অফিস হতে প্রেরিত তালিকা অনুযায়ী জেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে প্রশিক্ষণটি পরিচালনা করা হয়)। প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণোত্তর অফেরতযোগ্য আর্থিক সহায়তা প্রদান করা হয়। | | | | |
| ১১ | হিজড়া সনাক্তকরন জরিপ | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা সমাজসেবা অফিসার বিজ্ঞপ্তি প্রচার করেন। এরপর নির্ধারিত কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে প্রকৃত হিজড়া সনাক্তকরন করা হয় । ১৮ বছর বয়সের উর্ধ্ব কর্মক্ষম ব্যক্তিদেরকে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় (উপজেলা অফিস হতে প্রেরিত তালিকা অনুযায়ী জেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে প্রশিক্ষণটি পরিচালিত করা হয়)। প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণোত্তর অফেরতযোগ্য আর্থিক সহায়তা প্রদান করা হয়। | ১) পাসপোর্ট সাইজের ছবি; ২) নাগরিকত্ব সনদ; ৩) জন্ম নিবন্ধন সনদের অনুলিপি; ৪) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | বিনামূল্যে | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |
| ১২ | বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা | উপজেলা সমাজসেবা অফিসার উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষরিত বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করেন। নীতিমালা অনুসারে যাচাই বাছাই করার পর ভাতাভোগী নির্বাচন করে তা অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণ করা হয় । জেলা কমিটিতে অনুমোদিত ভাতাভোগীদের নামে ভাতা পরিশোধ বহি প্রস্তুত করে তা ইস্যুর জন্য জেলা/ উপজেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করা হয়। ভাতা বই ইস্যুর পর ভাতাভোগীকে অবহিত করে ভাতাভোগীর ব্যাংক হিসাব খোলা হয়। অত:পর উপজেলার কেন্দ্রীয় হিসাব হতে | ১.নির্ধারিত ফরমে আবেদনন; ২. ৭ কপি পাসপোর্ট সাইজের ছবি (ইউপি চেয়ারম্যান/ মেম্বার কর্তৃক সত্যায়িত); ৩. জাতীয় পরিচয় পত্র এর সত্যায়িত ফটোকপি ; ৪. ইউপি চেয়ারম্যান কর্তৃক জন্মনিবন্ধন সনদ এবং নাগরিকত্বের সনদ পত্র; ৫. মুক্তিযোদ্ধার | ১০/- দিয়ে নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হয় | ১. নতুন উপকারভোগী সর্বোচ্চ ৩ মাস ২. নিয়মিত উপকারভোগী ০৭ দিন | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ভাতাভোগীদের ভাতা উত্তোলন হিসাবে ভাতা স্থানান্তর করা হয়। যে সকল মুক্তিযোদ্ধার নামে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সনদ ইস্যু করেছেন অথবা যার নাম গেজেট আকারে প্রকাশ করেছেন অথবা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল হতে সনদধারী ব্যক্তিগণ অথবা মুক্তিবার্তার চূড়ান্ত তালিকায় (মুক্তি বার্তা লাল বই) নাম আছে এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের চূড়ান্ত ডাটবেজে যাদের নাম আছে সে সকল বীর মুক্তিযোদ্ধা এই সম্মানী ভাতা প্রাপ্য হবেন। যে সকল মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং শহীদ মুক্তিযোদ্ধা পরিবার মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে ভাতা পাচ্ছেন তারা এ সেবার আওতাভুক্ত হবেন না । | দলিলপত্র ও তালিকা সমূহের ফটোকপি | | | |
| ১৩ | বিপন্ন শিশুদের সুরক্ষা কার্যক্রম | মাঠকর্মীদের সংগ্রহকৃত তথ্য কিংবা সরাসরি যোগাযোগকৃত শিশু বা তাদের অভিভাবক বা অন্য কেউ তথ্য প্রদানের মাধ্যমে প্রাপ্ত শিশুদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ করা হয়। আবেদিত শিশুদের কেসম্যানেজমেন্ট ও সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী কর্তৃক প্রদানযোগ্য সেবার প্রস্তাবসহ সুপারিশ করা হয়। অত:পর উপজেলা ও জেলা শিশু কল্যাণ বোর্ড কর্তৃক অনুমোদন ক্রমে এবং সংকুলান সাপেক্ষে প্রকল্পে মেয়াদে ৬-১৮ বছরের শিশুদের নির্ধারিত (শর্তযুক্ত অর্থ সহায়তা, পথ শিশুদের সুরক্ষা, পরিবার এবং সমাজে একীভূতকরণ, ২৪ ঘন্টা চাইল্ড হেল্পলাইন- | নির্ধারিত ফরমে আবেদন | বিনামূল্যে | শিশু আসা মাত্রই সেবা প্রদান শুরু | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১০৯৮, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি) সেবা প্রদান করা হয়ে থাকে। | | | | |
| ১৪ | ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি | আগ্রহী ব্যক্তি/ রোগীদের নির্ধারিত ফরমে অনলাইন মাধ্যম ব্যবহার করে মহাপরিচালক বরাবর আবেদন করতে হয়। আবেদনের সহিত চাহিত কাগজ-পত্রাদি সংযুক্ত করে সংশ্লিষ্ট জেলা/ উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিতে হয়। উপজেলা সমাজসেবা অফিসার উক্ত আবেদনসমূহ জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করেন। প্রাপ্ত আবেদনসমূহ জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই অন্তে জেলা কমিটির কার্যবিবরণীসহ সুপারিশ তালিকা কর্মসূচি পরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর প্রেরণ করা হয়। জেলা কমিটি হতে প্রাপ্ত আবদন ও সুপারিশ যাচাই-বাছাই করার জন্য সমাজসেবা অধিদফতর পর্যায়ে কমিটির সভা করা হয়। উক্ত সভায় খসড়া উপকারভোগীর নাম নির্বাচন করে জাতীয় স্টিয়ারিং কমিটিতে (মন্ত্রণালয় পর্যায়ে) উপস্থাপন করা হয়। অতঃপর জাতীয় কমিটি চূড়ান্ত যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় বরাবর নির্বাচিত উপকারভোগীর নামে এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক প্রেরণ করেন। উপপরিচালক সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিতপূর্বক চেক বিতরণ করেন। | ১) নির্ধারিত ফরমে আবেদপত্র<br>২) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি- ০৩ কপি; ৩) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি; ৪) নির্ধারিত ফরমে সিভিল সার্জন/ মেডিকেল কলেজের সংশ্লিষ্ট বিভাগের অধ্যাপক/ সংশ্লিষ্ট ইন্সটিটিউট বা হাসপাতালের ঐ রোগের বিশেষজ্ঞ চিকিৎসকের প্রত্যায়নপত্র। | বিনামূল্যে | আবেদনের ৩-৬ মাসের মধ্যে। ক্ষেত্রবিশেষে ১ বছর। | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |
| ১৫ | প্রবেশন এন্ড আফটার কেয়ার সার্ভিসের | ১. প্রবেশন এন্ড অফেন্ডার্স অর্ডনেন্স-১৯৬০ (সংশোধিত-১৯৬৪) এর ৫ ধারা মোতাবেক সংশ্লিষ্ট আদালত কর্তৃক যেকোনো বয়সের প্রথমবার ও লঘু | বিজ্ঞ আদালত কর্তৃক আদেশ প্রদানের পর প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে আসার | বিনামূল্যে | চাহিদা অনুযায়ী | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তি অথবা অভিযুক্ত ব্যক্তি নিজে দোষ স্বীকার করলে আদালত দন্ড স্থগিত রেখে প্রবেশন অফিসারের (উপজেলা সমাজসেবা অফিসার) তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট মেয়াদে পরিবার বা সমাজে রেখে সংশোধন ও আত্মশুদ্ধির সুযোগ প্রদান করা হয়। ২. শিশু আইন, ২০১৩ এর ধারা ৩৪ এর উপধারা ৬ মোতাবেক শিশুদের শিশু উন্নয়ন কেন্দ্রে আটক রাখার পরিবর্তে সদাচরণের জন্য শিশু আদালতের আদেশক্রমে প্রবেশন সেবা প্রদান করা হয়। ৩. কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের শর্তসাপেক্ষে মুক্তির ব্যবস্থা করা হয়। মুক্তিপ্রাপ্ত কয়েদিদের এবং শিশু উন্নয়ন কেন্দ্র থেকে মুক্তিপ্রাপ্ত শিশুদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতার উন্নয়ন ঘটিয়ে/সমাজসেবা অধিদফতরের বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় এনে সামাজিক ও অর্থনৈতিকভাবে পুনর্বাসন করা হয়। | সময় থেকে। আফটার কেয়ার সার্ভিস এর পুনর্বাসনের বিষয়ে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির অনুমোদনের পর। (৩ মাস) | | | ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |
| ১৬ | সেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ | উপপরিচালক, জেলা সসাজসেবা কার্যালয় বরাবর নির্ধারিত ফরমেটে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিতে হয়। উপজেলা সমাজসেবা অফিসার নিবন্ধনের নিমিত্তে প্রাথমিকভাবে নামের ছাড়পত্রের জন্য যথাযথ কাগজপত্রসহ আবেদন প্রাপ্তির ১০ কর্মদিবসের মধ্যে জেলা সমাজসেবা কার্যালয়ে সুপারিশসহ আবেদনপত্রটি অগ্রায়ন করাত হয়। জেলা সমাজসেবা কার্যালয় অগ্রায়নপত্রযুক্ত আবেদনপ্রাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে সংস্থার নিষ্পত্তিপূর্বক প্রাথমিকভাবে নামের ছাড়পত্র প্রদান করা | নির্ধারিত ফরমেটে আবেদনসমুহ, বিভিন্ন সভার কার্যবিবরণী, লক্ষ্য ও উদ্দেশ্য, গঠনতন্ত্র, পরিদর্শন প্রতিবেদন, অডিট রিপোর্ট, ব্যাংক স্থিতি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি। | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা + ১৫% ভ্যাট | ১ থেকে ১.৫ মাস (এনএসআই কর্তৃক প্রত্যয়ন প্রাপ্তির সময় বাদে) | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | হয়। অতঃপর সংস্থা কর্তৃক নিবন্ধন সংক্রান্ত যাবতীয় সকল কাগজপত্রাদি জমা দেয়ার পর নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক তদন্তকার্য ও প্রতিবেদন দাখিল করার পর এনএসআই কর্তৃক নিবন্ধনের অনাপত্তির প্রত্যয়ন প্রাপ্তির ১৯ দিনের মধ্যে মধ্যে নিবন্ধন প্রদানের বিষয়টি জেলা সমাজসেবা কার্যালয় নিষ্পত্তিপূর্বক নিবন্ধন সনদ প্রদান করা হয়। | | | | |
| ১৭ | নিবন্ধনকৃত বেসরকারী এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রদান | বেসরকারি এতিমখানাটিকে সমাজসেবা অধিদফতরের নিবন্ধিত হতে হবে এবং এতিমখানাটিতে নূন্যতম ১০ জন ৬-১৮ বছরের এতিম নিবাসী থাকতে হবে। ১০০% নিবাসী সরকার স্বীকৃত প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত সাপেক্ষে শতকরা ৫০ ভাগ শিশু এ সেবার আওতায় আসবে। নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর ৩১ জুলাইয়ের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে আবেদন দাখিল করতে হয়। ১০ আগস্টের মধ্যে উপজেলা অফিস হতে জেলায় এবং ২৫ আগস্টের মধ্যে জেলা সমাজসেবা কার্যালয় হতে অধিদফতরে বেসরকারী এতিমখানার তথ্য প্রেরণ নিশ্চিত করতে হয়। অতঃপর অধিদফতর হতে ১৫ সেপ্টেম্বরের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভার মাধ্যমে সংশ্লিষ্ট আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক মনোনীত বেসরকারী এতিমখানার বিপরীতে বরাদ্দপত্র অধিদফতর বরাবর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হয়। অধিদফতর কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে | অবশ্যাই নিবন্ধিত হতে হবে | বিনামূল্যে | বেসরকারী এতিমখানা কর্তৃক ক্যাপিটেশন গ্রান্টেরআবেদন প্রাপ্তির ৪ মাসের মধ্যে | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দপত্র প্রেরণ করা হয়। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সংশ্লিষ্ট অফিসারের নিকট বিল দাখিল করলে যাচাই-বাছাইপূর্বক উক্ত বিল পাস করে তা উপজেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করা হয়। উপজেলা হিসাবরক্ষণ অফিসার কর্তৃক বিল পাস করে উপজেলা সমাজসেবা অফিসারের দাপ্তরিক হিসেবে জমা হয়। পরবর্তীতে উপজেলা সমাজসেবা অফিসার সংশ্লিষ্ট এতিমখানার সভাপতি/সম্পাদকের অনুকূলে ক্রস চেকের মাধ্যমে ক্যাপিটেশন গ্রান্ট হস্তান্তর করেন। | | | | |
| **১৮** | সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে নিবন্ধনপ্রাপ্ত সংস্থাসমূহের অনুদান প্রদানে সহায়তা | সমাজকল্যাণ পরিষদ প্রতি বছর আগস্ট মাসে জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করতে হয়। ডিসেম্বরের মধ্যে জেলা ও উপজেলা সমাজকল্যাণ পরিষদ আবেদন বাছাই করে জাতীয় সমাজকল্যাণ পরিষদে সুপারিশ প্রেরণ করে। জাতীয় সমাজকল্যাণ পরিষদ এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে থাকে। | ১) নির্ধারিত ফরমে আবেদন; | বিনামূল্যে | ১-৩ মাস | নাম: **অতীশ সরদার** পদবি:উপ জেলা সমাজসেবা অফিসার মোবাইল: ০১৭০৮৪১৪৯৪২ ইমেইল: usso.sarankhola.bagerhat@dss.gov.bd |